মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির আয়োজনে এক সাধারণ সভায় ৫ সদস্যের আহ্বায়ক কমিটি গঠিত হয়। আজ শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এ কমিটি গঠন করা হয়।

ব্যবসায়ী আনারুল হক কালুকে আহ্বায়ক করে গঠিত কমিটির সদস্যরা হলেন আবু আব্বাস আহমেদ, ইসরাইল হোসেন ইলু, আব্দুর রাজ্জাক এবং ফয়েজ উদ্দিন।

দেশের চলমান পরিস্থিতিতে বাজারের শান্তি-শৃঙ্খলা বজায় ও ব্যবসায়ীদের নির্বিঘ্নে ব্যবসা বাণিজ্য পরিচালনায় সহযোগিতা প্রদানের লক্ষে সাধারণ সভা অনুষ্টিত হয়।

সাধারণ সভার সভাপতিত্ব করেন বড় বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি মনিরুজ্জামান দিপু। এসময় ব্যবসায়ী আমিনুল ইসলাম হাঁসা, আনোয়ারুল হক কালু, মোস্তাফিজুর রহমান টোটন, রন্টু, সাইফুল ইসলাম, মিরন, রবি প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শুরুতে বড়বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু সমিতির আয় ব্যায়ের হিসাব দাখিল করেন এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

বন্যাদুর্গতদের সহযোগিতায় মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতি ও বার্তা

মেহেরপুর

টানা বৃষ্টি আর উজানের ঢলে প্লাবিত হয়েছে দেশের ৯ জেলা। এর মধ্যে ফেনী ও নোয়াখালীতেই বন্যাকবলিত ২২ লাখের বেশি মানুষ। এই দুঃসময়ে মানুষের পাশে দাঁড়াতে ছুটছেন মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতি ও নিউজ পোর্টাল বার্তা মেহেরপুর।

আজ মঙ্গলবার (৩ সেপ্টেম্বর) রাত সাড়ে ৮ টার দিকে বন্যা দুর্গতদের সহযোগিতায় ফেনী নোয়াখালীর উদ্দেশ্যে রওনা হয়েছে মেহেরপুর হোটেল বাজার ব্যাবসায়ী সমিতি ও বার্তা মেহেরপুরের প্রতিনিধিদের একটি দল।

প্রয়োজনীয় পোশাক, সাবান, পানি, স্যালাইন ঔষধসহ বিভিন্ন ত্রান সামগ্রী নিয়ে রওনা হয় দলটি। এসময় ত্রাণ সামগ্রী নিয়ে রওনা হওয়া প্রতিনিধিরা সকলের কাছে নিজেদের এবং বন্যা কবলিত মানুষদোর জন্য দোয়া প্রার্থনা করেন।

এর আগে বন্যায় কবলিত মানুষদের সহযোগিতায় কথা বলেন হোটেল বাজর ব্যাবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল সিমন।

এছাড়াও এসময় ব্যাবসায়ী সমিতির সিনিয়র সহ সভাপতি শেখ মোমিন, আনন্দ টিভির জেলা প্রতিনিধি মিজানুর রহমান, বার্তা মেহেরপুরের প্রকাশক রাশেদ খান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে এক সার ব্যবসায়ীর ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের বামনপাড়ার আমানুল্লাহ ট্রেডার্সে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (৩ সেপ্টেম্বর) দুপুরে বামনপাড়ার আমানুল্লাহ ট্রেডার্সে এ অভিযান পরিচালনা করা হয়।

আদালত পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে সার বিক্রি করা এবং মেয়াদোত্তীর্ণ কীটনাশক দোকানে সাজিয়ে রাখার অপরাধে দোকান মালিক আমানুল্লাহকে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সাইফুল্লাহ মাহমুদ এবং মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

অভিযান সূত্রে জানা গেছে, বামনপাড়ার মেসার্স আমানুল্লাহ ট্রেডার্সের বিরুদ্ধে সরকার নির্ধারিত অতিরিক্ত দামে সার বিক্রির অভিযোগ ছিল। এছাড়াও এই সারের দোকানটিতে মেয়াদোত্তীর্ণ কীটনাশক বিক্রির উদ্দেশ্যে সাজানো ছিল। দোকান মালিক আমানুল্লাহকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ও ৫১ ধারায় দোষী সাব্যস্ত করে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

একই অভিযানে শহরের নিত্য প্রয়োজনীয় পণ্যের বিভিন্ন দোকানেও অভিযান চালানো হয়।

মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির কমিটি গঠন

মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির কমিটি গঠন করা হয়েছে। গতকাল শনিবার বিকালের দিকে মোঃ আব্দুস সামাদ সভাপতি ও মোঃ হাফিজুর রহমানকে সাধারণ সম্পাদক করে এ কমিটি গঠন করা হয়।

কমিটির বাকি সদস্যরা হলো, সিনিয়র সভাপতি হাজী মোঃ আব্দুল লতিব, সহ সভাপতি মোঃ রুহুল আমিন, যুগ্ম সম্পাদক মোঃ রনি মিয়া, সহ সম্পাদক মোঃ সাহেব আলী, সাংগঠনিক সম্পাদক মোঃ নাছিম খাঁন, প্রচার সম্পাদক মোঃ রাশেদুজ্জামান বাপ্পি, দপ্তর সম্পাদক মোঃ আবু সাঈদ, ক্রীড়া সম্পাদক মোঃ আবুল কালাম আজাদ টিটু, অর্থ

সম্পাদক আব্দুল মতিন, নির্বাহী সদস্য মোঃ লিটন মিয়া, মোঃ আনিছুর রহমান ভুলু, মোঃ মফিজুল ইসলাম, মোঃ নিরু মোল্লা, আলি হোসেন, শ্রী পানা হালদার।

এ ছাড়াও প্রধান উপদেষ্টা মোঃ আনারুল হক কালুসহ উপদেষ্টা মোঃ আহসান হাবিব, আব্দুস সাত্তার মিয়া, তারিফ খাঁন, আফতাব উদ্দিনকেও কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়।

মেহেরপুরে আর কোডের শুভ উদ্বোধন

মেহেরপুর কাসাঁরী বাজারের প্রধান সড়ক লড মার্কেটের সামনে মেহেরপুর আর কোড এর শুভ উদ্বোধন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টার সময় প্রধান সড়ক লড মার্কেটের সামনে মেহেরপুর আর কোড এর শুভ উদ্বোধন করা হয়।

মেহেরপুর আর কোড এর শুভ উদ্বোধন স্বত্বাধিকারী মোঃ রাজু গাফফারী উপস্থিতিতে আর কোড উদ্বোধন করেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সিনিয়ার সহ-সভাপতি শেখ মোমিন, হোটেল বাজার ব্যবসায়ীর সমিতির নির্বাহী সদস্য রাশেদ খান।

এছাড়াও উপস্থিত ছিলেন নির্বাহী সদস্য পলাশ আনন্দ টিভি সাংবাদিক মিজানুর রহমান মিজান পলাশ আর কোড এর ম্যানেজার কামরুল হাসান লিজন প্রমুখ।

শুভ উদ্বোধন অনুষ্ঠানের দোয়া পরিচারনা করেন ডাঃ কাজী সাজেদুর রহমান।

মুজিবনগরে পুকুরে বিষ প্রয়োগ, লক্ষাদিক টাকার মাছ নিধন

মুজিবনগর উপজেলার আনন্দবাসে পুকুরে বিষ প্রয়োগ করে লক্ষাধিক টাকার মাছ মেরে ফেলেছে দুর্বৃত্তরা। গতকাল মঙ্গলবার (২৭শে আগস্ট) দিবাগত রাতে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে বাগোয়ান ইউনিয়ন পরিষদের পিছনে শাহীন উদ্দীন শাহিনের পুকুরে এ ঘটনা ঘটে।

বর্তমানে এই পুকুর টি মনিরুল ইসলাম এবং ফারুক হোসেন এর কাছে লিজ দেওয়া রয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে লিজ গ্রহীতা মনিরুল ইসলাম বলেন, আমি ও আমার ব্যবসায়িক পার্টনার ২ বিঘা ৫ কাটা জায়গার পুকুরটি আনন্দবাস গ্রামের শাহীন উদ্দীন শাহীনের কাছে থেকে ১ লক্ষ ৬০ হাজার টাকায় লিজ নিয়ে মাছ চাষ করছি। কে বা কাহারা শত্রুতা করে গতকাল মঙ্গলবার দিবাগত রাত্রে পুকুরে বিষ প্রয়োগ করে। এতে পুকুরের সমস্ত মাছ মারা গেছে। বিষ প্রয়োগের ফলে প্রায় আমাদের ২ লক্ষ ৫০ হাজার টাকার ক্ষতি হয়েছে।

তিনি আরো বলেন,গত পাঁচ মাস আগে পুকুরে দেশীয় বিভিন্ন জাতের মাছের চারা ছেড়েছি। এতে আমার প্রায় ১ লাখ টাকা খরচ হয়েছে। এছাড়াও মাছের খাবার কেনা এবং রক্ষণাবেক্ষণা আনুমানিক ৫০ থেকে ৬০ হাজার টাকা খরচ হয়েছে। কিছু দিনের মধ্যেই মাছগুলো বাজারে বিক্রির উপযোগী হয়ে উঠতো।

এ বিষয়ে তিনি থানায় একটি অভিযোগ করবেন বলে জানান।

মেহেরপুরে এক সার ব্যবসায়ীর ৫০

হাজার টাকা জরিমানা

মেহেরপুর শহরের বড়বাজার কাথুলী রোডের শাহজি পাড়ার মোড়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এক ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

বুধবার (২৮ আগষ্ট) বেলা সাড়ে ১২ টার দিকে শাহজি পাড়ার মোড়ে ফখরুল ট্রেডার্সে এ অভিযান পরিচালনা করা হয়।

সরকার নির্ধারিত মূল্য উপেক্ষা করে অধিক মূল্যে সার বিক্রয় করা ও সঠিক মূল্য তালিকা প্রদর্শণ না করার অপরাধে প্রশাসনিক ব্যবস্থা হিসাবে ফখরুল ট্রেডার্স সারের দোকানের কাছ থেকে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

আদালত পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ। সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা স্যানিটারী ইন্সপেক্টর তাজিমুল হক ও মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

এসময় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর (ক) ৪০ ধারায় অপরাধী সাব্যস্থ হাওয়ায় ফখরুল ট্রেডার্স এর স্বত্ত্বাধিকারীকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

দর্শনায় ভোক্তা অধিকারের অভিযানে রাজধানী ষ্টোরে জরিমানা

চুয়াডাঙ্গার দর্শনায় ভোক্তা অধিকার সংরক্ষন তদারকি অভিযান চালিয়ে রেলবাজার রাজধানী স্টোরে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল রবিবার দুপুর ২ টার দিকে দর্শনা রেল বাজারে অভিযান চালায়

চুয়াডাঙ্গা জেলার ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এ সময় দর্শনা রেল বাজারের রাজধানী স্টোরের সত্তা অধিকারী জয়নাল আবেদীনকে বিদেশী প্রসাধনী শুল্ক ফাঁকি দিয়ে ভাক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারায় বিক্রি করার অপরাধে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানাসহ একটি টিম এ অভিযানে অংশ নেয়।

ঝিনাইদহে স্বর্ণের দোকান ও মোটরসাইকেল শোরুমে দুঃসাহসিক চুরি

ঝিনাইদহ সদর উপজেলরা বাজার গোপালপুরে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। চোরচক্র মিন্টু মোটরসাইকেলের শোরুম থেকে নগদ ১ লাখ ৪৬ হাজার টাকা এবং পাশের বিকাশ কুমারের মঞ্জুশ্রী জুয়েলার্স থেকে নগদ অর্থ সোনা ও রুপার গহনাসহ প্রায় ৫’ লাখ টাকার মালামাল নিয়ে গেছে বলে অভিযোগ ভুক্তভোগীদের।

ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা জানান, গতকাল শনিবার দিনগত রাতে অন্যান্য দিনের মতো কাজ শেষ করে দোকানে তালা দিয়ে বাড়িতে চলে যায়। সকালে দোকানে এসে দেখি উপরের ছাউনি ও লোহার সিলিং কেটে মালামালসহ নগদ অর্থ নিয়ে গেছে চোরচক্র। রাতে বাজার পাহারা ও পাশে পুলিশ ফাঁড়ি থাকার পরেও দুঃসাহসিক চুরির ঘটনায় সাধারণ ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

খবর পেয়ে স্থানীয় ফাঁড়ি পুলিশ ও ব্যবসায়ি নেতৃবৃন্দ ঘটনাস্থলে যান। এদিকে অভিযোগ উঠেছে আগস্টের ৫ তারিখের পর থেকেই এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতির ব্যাপক অবনতী হয়েছে। এলাকার বিভিন্ন রাস্তায় ডাকাতি-ছিনতাইয়ের ভয়ে মানুষ চলাচল করতে ভয় পাচ্ছে।

মেহেরপুরে কম্পিউটার হোম, ট্যুরস এন্ড ট্রাভেলসের শুভ উদ্বোধন

মেহেরপুর কম্পিউটার হোম, ট্যুরস এন্ড ট্রাভেলস এর শুভ উদ্বোধন করা হয়েছে। আজ শুক্রবার (২৩ আগস্ট) বিকেলে মেহেরপুর শহরের বড় বাজার আঃ গফুর টাওয়ার (২য় তলা), শাহজীপাড়া কাথুলী রোড মোড়ে ফিতা কেটে কম্পিউটার হোম, ট্যুরস এন্ড ট্রাভেলস এর শুভ উদ্বোধন করা হয়।

কম্পিউটার হোম, ট্যুরস এন্ড ট্রাভেলস স্বত্বাধিকারী মোঃ মোখলেছুর রহমান সভাপতিত্বে প্রতিষ্ঠানের উদ্বোধন করেন বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে মোঃ টুটুল সবুজ আনজুমান আরা নাহিদ আবু সামা সিয়াম প্রমুখ উপস্থিত ছিলেন। পরে সেখানে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সেবাসমূহের মধ্যয়ে, ইন্ডিয়া ভিসা, ওমরা হজ প্যাকেজ, ই -পাসপোর্ট ম্যান পাওয়ার বিমান ও ট্রেন টিকিট, টিন সার্টিফিকেট, পুলিশ ক্লিয়ারেন্স আবেদন, অল রাষ্ট্রের ভিসা চেক, বিভিন্ন রাষ্ট্রের ট্যুরিস্ট ভিসা সহ যাবতীয় অনলাইন সেবা প্রদান করা হয়। এছাড়াও এই সব যাবতীয় সেবা আপনি দেশ এবং দেশের বাইরে থেকে খুব সহজেই নিতে পারবেন ।